Bangladesh Private Hospital Clinic & Diagnostic Association
বাংলাদেশ প্রাইভেট হসপিটাল, ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক এসোসিয়েশন

স্মারক নং: বিপিএইচসিডিএ/২৬/১০/৩১০ তারিখ: ২৫/১০/২০২৬ইং

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক অ্যাসোসিয়েশন (বিপিএইচসিডিএ)-এর মাননীয় সভাপতি ডাঃ মোঃ মোসাদ্দেক হোসেন বিশ্বাস ডাম্বেল ও মহাসচিব ডাঃ এ এম শামীম এক যৌথ বিবৃতিতে গত ২৪ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ, শনিবার রাতে খুলনার বাবু খান রোড-এ অবস্থিত **সন্ধানী ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক কমপ্লেক্স**-এ সংঘটিত হামলা ও ভাঙচুরের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ, তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং নিখুঁত তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদঘাটনের আহ্বান জানিয়েছেন।

আমরা আশা করি, তদন্ত কমিটি গঠন করে নিরপেক্ষ, স্বচ্ছ ও নিখুঁত তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদঘাটন করা হবে এবং তদন্তের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে । মব সৃষ্টি, আইন নিজের হাতে তুলে নেয়া এবং জনতার মাধ্যমে বিচার করার সংস্কৃতি বন্ধ করতে হবে। হাসপাতাল, চিকিৎসা সরঞ্জাম ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের অবকাঠামো রক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। হাসপাতালে কর্মরত চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে।

বিপিএইচসিডিএ বিশ্বাস করে–রোগীর ন্যায়বিচারের অধিকার যেমন নিশ্চিত করতে হবে, তেমনি চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা ও মর্যাদাও সমানভাবে নিশ্চিত করতে হবে। তাছাড়া স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বহিরাগতদের হামলার পুনরাবৃত্তি বন্ধ করতে হবে ।

ডা: আরিফ মাহমুদ
অফিস সেক্রেটারি
কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বিপিএইচসিডিএ, ঢাকা-১২০৫।

Central Office: House:66, Kalabagan, Dhanmondi, Dhaka-1205
+88 013 3976 8639 (Office) bphcdoa1998@gmail.com www.bphcdoa.com